

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- দ্বিতীয়

বিষয়- গণিত

মুদ্রার গুণ

১। সংক্ষিপ্ত / যথাযথ প্রশ্ন-উত্তর :-

ক) ৪ টি আধুলিতে কত টাকা হয় ?

$$\begin{aligned} ১ \text{ টি আধুলি} &= ৫০ \text{ পয়সা} \\ ৪ \text{ টি } &= ৫০ \text{ পয়সা} \times ৪ \\ &= ২০০ \text{ পয়সা} \\ &= ২ \text{ টাকা} \end{aligned}$$

উঃ- ৪ টি আধুলিতে ২ টাকা হয়।

খ) ৫ টি সিকি ও ৩ টি আধুলিতে মোট কত টাকা হয় ?

$$\begin{aligned} ১ \text{ টি সিকি} &= ২৫ \text{ পয়সা} \\ ৫ \text{ টি } &= ২৫ \text{ পয়সা} \times ৫ \\ &= ১২৫ \text{ পয়সা} \end{aligned}$$

এবং

$$\begin{aligned} ১ \text{ টি আধুলি} &= ৫০ \text{ পয়সা} \\ ৩ \text{ টি } &= ৫০ \text{ পয়সা} \times ৩ \\ &= ১৫০ \text{ পয়সা} \end{aligned}$$

$$\begin{aligned} \text{মোট} &= ১২৫ \text{ পঃ} + ১৫০ \text{ পঃ} \\ &= ২৭৫ \text{ পঃ} \end{aligned}$$

$$= ২ \text{ টা: } ৭৫ \text{ পঃ} = ২.৭৫ \text{ টাকা}$$

উঃ- ৫ টি সিকি ও ৩ টি আধুলিতে মোট ২.৭৫ টাকা হয়।

গ) তুমি জন্মদিনে ২ টি ৫০০ টাকা, ৩ টি ২০০ টাকা ও ৪ টি ১০০ টাকার নোট পেলে। তুমি মোট কত টাকা পেলে?

$$\begin{aligned} ২ \text{ টি } ৫০০ \text{ টাকার নোট} &= ২ \times ৫০০ = ১০০০ \text{ টাকা} \\ ৩ \text{ টি } ২০০ \text{ " " } &= ৩ \times ২০০ = ৬০০ \text{ টাকা} \\ ৪ \text{ টি } ১০০ \text{ " " } &= ৪ \times ১০০ = ৪০০ \text{ টাকা} \end{aligned}$$

$$\text{মোট} = ১০০০ + ৬০০ + ৪০০ = ২০০০ \text{ টাকা}$$

উঃ- আমি মোট ২০০০ টাকা পেলাম।

ঘ) i) ১২ পঃ × ৯

ii) ১২ টাঃ × ৯ - অঙ্ক দুটির উত্তর কি একই হবে? কেন?

উঃ- অঙ্ক দুটির উত্তর আলাদা হবে। কারণ অঙ্ক দুটির গুণ্যতে আলাদা একক আছে, তাই উত্তর আলাদা হবে।

$$i) ১২ \text{ পঃ} \times ৯ = ১০৮ \text{ পঃ} = ১ \text{ টাঃ} ০৮ \text{ পঃ}$$

$$ii) ১২ \text{ টাঃ} \times ৯ = ১০৮ \text{ টাঃ}$$

ঙ) i) ১৪ × ৫

ii) ১৪ টাঃ × ৫ - অঙ্ক দুটির উত্তর একই হবে নাকি আলাদা হবে? কেন?

$$\text{উঃ- } i) ১৪ \times ৫ = ৭০$$

$$ii) ১৪ \text{ টাঃ} \times ৫ = ৭০ \text{ টাকা}$$

অঙ্ক দুটির উত্তর আলাদা হবে। কারণ প্রথম অঙ্কে দুটি সংখ্যার গুণফল সংখ্যাই হবে। দ্বিতীয় অঙ্কে গুণ্য রাশি (টাকা একক যুক্ত), তাই উত্তর রাশি হবে।

২) গুণফল নির্ণয় করো :-

ক) ১৩ টা: $\times ৮ = ১০৪$ টা:

খ) ১৩ পঃ $\times ৮ = ১০৪$ পঃ = ১ টা: ০৪ পঃ

গ) ৩২০ টা: $\times ৪ = ১২৮০$ টা:

ঘ) ৩ টা: ২০ পঃ $\times ৪ = ৩২০$ পঃ $\times ৪$ | $৩ \times ১০০ + ২০ = ৩২০$ পঃ
 $= ১২৮০$ পঃ = ১২ টা: ৮০ পঃ

ঙ) ৩ টা: ২ পঃ $\times ৪ = ৩০২$ পঃ $\times ৪$

$= ১২০৮$ পঃ = ১২ টা: ০৮ পঃ

৩) গুণ্য ও গুণক নির্দেশ করে গুণফল নির্ণয় করো:-

২৫৪৮ টাকা ৬ পয়সা $\times ৭৯$

উ:- গুণ্য = ২৫৪৮ টা: ৬ পঃ (গুণ্যকে পয়সায় পরিণত করে নিতে হবে।)

$= (২৫৪৮ \times ১০০ + ০৬)$ পঃ

$= (২৫৪৮০০ + ০৬)$ পঃ

$= ২৫৪৮০৬$ পঃ

গুণক = ৭৯

২৫৪৮০৬ পঃ

$\times ৭৯$

২২৯৩২৫৪

১৭৮৩৬৪২০

২০১২৯৬৭৪ পঃ

$= ২০১২৯৬$ টা: ৭৪ পঃ

উ:- নির্ণীত গুণফল = ২০১২৯৬ টা: ৭৪ পঃ

নিজে করবে:- ১) গুণফল নির্ণয় করো :-

ক) ৪১৩ টা: ২৫ পঃ $\times ৭৪$

খ) ৫০৮.২০ টা: $\times ৩৯$

গ) ২৫০২ টা: ৫ পঃ $\times ৬২$

৪) এক-একটি বিস্কুটের প্যাকেটের দাম ২৫.৮০ টাকা। সমান দামের ৩ ডজন ৫ টি বিস্কুটের প্যাকেটের জন্য মোট কত টাকা দিতে হবে?

উ:- ৩ ডজন ৫ টি = (৩ × ১২ + ৫) টি | ১ ডজন = ১২ টি
= ৩৬ + ৫ = ৪১ টি

১ টি বিস্কুটের প্যাকেটের দাম ২৫.৮০ টাকা: = ২৫৮০ পঃ
৪১ টি " " " = ২৫৮০ পঃ × ৪১

$$\begin{array}{r} ২৫৮০ পঃ \\ \times ৪১ \\ \hline ২৫৮০ \\ ১০৩২০০ \\ \hline ১০৫৭৮০ পঃ = ১০৫৭ টা: ৮০ পঃ \\ = ১০৫৭.৮০ টা: \end{array}$$

উ:- ৩ ডজন ৫ টি (৪১ টি) বিস্কুটের প্যাকেটের জন্য মোট ১০৫৭.৮০ টাকা দিতে হবে।

নিজে করবে:-

১) একজন লোক সমান দামের ৫৭ টি ছাতা কিনলেন। প্রতিটি ছাতার দাম যদি ১১২ টাকা ৩০ পয়সা হয় তাহলে ছাতাগুলি কিনতে তাঁর মোট কত খরচ হয়েছে?

২) তোমাদের শ্রেণীতে ৪৩ জন ছাত্র-ছাত্রী আছে। দরিদ্রদের জন্য তোমরা প্রত্যেকে ২৫.৩০ টাকা করে অনুদান দিলে। তোমাদের শ্রেণী থেকে মোট কত টাকা অনুদান উঠলো?

৩) বিনয় বাবু প্রতিটি ৫টা: ৪০ পঃ হিসাবে ২ ডজন ৪ টি কলা কিনলেন, তাঁর কত খরচ হলো?

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।